141

দৈনিক ইত্তেফাক

তারিখ 17 JAN 1994
পৃষ্ঠা ৩ কলাম ২

# বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী

# নাটোর ও রংপুরের করুণ চিত্র

নাটোর সংবাদদাতা ॥ অভিভাবকের অজ্ঞতা ও দারিদ্র্য, শিক্ষক; শ্রেণীকক্ষ ও বেঞ্চের অভাব এবং সরকারী কর্মকর্তাদের অবহেলার কারণে নাটোর জেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর সফলতা অর্জন আশানুরূপভাবে সম্ভব হইতেছে না।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, সরকার গত বছর প্রতিটি জেলার একটি করিয়া থানায় এবং চলতি বছর দেশের প্রতিটি থানায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের কর্মসূচী গ্রহণ করে। সরকারী জরিপে বলা হয়, নাটোর জেলায় বর্তমানে ছয় হইতে দশ বছর বয়সী স্কুলে গমন উপযোগী দুই লক্ষ ১৫ হাজার ৯৩৪ জন শিশুর মধ্যে চলতি বছর এক লক্ষ ৭২ হাজার ১৯১ জন স্কুলে ভর্তি হইয়াছে। ৪৩ হাজার ৭৪৩ জন শিশু বিভিন্ন কারণে স্কুলে ভর্তি হইতে পারে নাই। এ ব্যাপারে স্কুলের শিক্ষক, অভিভাবক ও সরকারী কর্মকর্তাদের সহিত আলাপ করিয়া জানা যায়, সরকার দেশে বাধ্যতামূলক শিক্ষা প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করিলেও এক্ষেত্রে বিরাজমান সমস্যা সমাধানের ব্যাপারে

(৪র্থ পৃঃ দ্রঃ)

## বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা

(৩য় পৃঃ পর)

প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হইতেছে না। ফলে এই কর্মসূচীর যথার্থ সাফল্য অর্জন সম্ভব হইতেছে না।

রংপুর সংবাদদাতা ॥ রংপুর অঞ্চলের পাঁচটি জেলার ৩৫টি থানার পাঁচ হাজার নয়শত ৪৮টি গ্রামের মধ্যে দুই হাজার তিনশত ৯টি গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় না থাকায় প্রায় তিন লক্ষ ৭৫ হাজার বালক-বালিকা প্রাথমিক শিক্ষার আলো হইতে বঞ্চিত হইতেছে। প্রকাশ, বৃহত্তর রংপুর জেলার পাঁচটি জেলার রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা এবং নীলফামারী জেলায় ৩৫টি থানা রহিয়াছে।